গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: WCO Affairs শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৬.০২.০২০.১৮/১৮০ তারিখ: ০৬ ডিসেম্বর ২০২২ খ্রি.।

**বিষয়:** Online Pre-Accreditation Workshop for Customs Modernization Advisors specialized in Integrity Development (CMA - ID)- **তে অংশগ্রহণের জন্য দরখাস্ত আহ্বান।**

সূত্র: WCO হতে প্রাপ্ত পত্র নং-22HL0454E, তারিখ: ৩০ নভেম্বর ২০২২/ব্রাসেলস।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৬-২০ জানুয়ারি ২০২৩ খ্রি. তারিখে WCO কর্তৃক আয়োজিত Online Pre-Accreditation Workshop for Customs Modernization Advisors specialized in Integrity Development (CMA - ID) বিষয়ক কর্মশালায় অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস-কে আমন্ত্রণ জানানো হয়েছে। কর্মশালাটি ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত হবে। পত্রসংযুক্ত দলিলাদিতে কর্মশালা সংক্রান্ত বিস্তারিত তথ্য সন্নিবেশিত আছে (কপি সংযুক্ত)।

০২। আগ্রহী কর্মকর্তাগণ হতে সর্বোচ্চ ০১ (এক) জন কর্মকর্তাকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মনোনীত করে WCO-তে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, উল্লিখিত কর্মশালায় অংশগ্রহণের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত নয়। আগ্রহী কর্মকর্তাকে WCO কর্তৃক চূড়ান্তভাবে মনোনয়ন করা হতে পারে।

০৩। বর্ণিতাবস্থায়, বিবেচ্য কর্মশালায় অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে **(সহকারী কমিশনার ও তদূর্ধ্ব)** **<u>আগামী ১১ ডিসেম্বর ২০২২ খ্রি.</u>** তারিখের মধ্যে নিম্নোক্ত দলিলাদিসমূহ **<u>যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে</u>** জাতীয় রাজস্ব বোর্ডে ই-মেইলযোগে [wcoaffairs.nbr@gmail.com; বরাবর: চেয়ারম্যান, জারাবো ও দৃষ্টি আকর্ষণ: ২য় সচিব (WCO Affairs)] প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) আবেদনপত্রের MSWord (Nikosh Font-12) Copy ও PDF Copy
খ) পত্রসংযুক্ত দলিলাদিতে বর্ণিত Qualifications সংক্রান্ত প্রমাণক-PDF Copy
গ) সংযুক্ত নির্দেশনা অনুযায়ী পূরণকৃত Nomination Form

০৪। উল্লেখ্য, বিরাজমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় সূত্রোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডর সাথে যোগাযোগের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে **<u>শুধুমাত্র ই-মেইল মাধ্যম</u>** ব্যবহার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৯ (নয়) পাতা (ই-মেইলে প্রেরিত)।

06/12/2022
**( ওমর মবিন )**
দ্বিতীয় সচিব (কাস্টমস)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ই-মেইল: wcoaffairs.nbr@gmail.com

**<u>বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১. সদস্য (গ্রেড-১)-সকল, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. সদস্য-সকল, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
৪. কমিশনার, কাস্টম হাউস (সকল)।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
৬. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)।
৭. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট (সকল)।
৮. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

৯. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।
১০. কমিশনার, সেন্ট্রাল রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
১১. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/বন্ড অটোমেশন প্রকল্প, পায়রা বন্দর ভবন, কাকরাইল, ঢাকা।
১২. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূসক, ঢাকা/কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১৪. সিস্টেমস ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পত্রটি সংযুক্তিসহ প্রকাশের অনুরোধসহ]।**
১৫. প্রথম সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৬. দ্বিতীয় সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রথম সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।